গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবি

| | |
|---|---|
| সভাপতি | কাজী কামরুল আহছান<br>পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও ইনোভেশন অফিসার, এনটিআরসিএ, ঢাকা। |
| সভার তারিখ | ১০ মার্চ, ২০২২। |
| সভার সময় | বিকেল ২.৩০ মিনিট। |
| স্থান | পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও ইনোভেশন অফিসার উপস্থিত ইনোভেশন টিমের সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশন ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা সহজিকরণ বিষয়ে ০৩(তিন) দিন ব্যাপী কর্মশালা এটুআই আয়োজন করে। উক্ত কর্মশালায় এনটিআরসিএ কর্তৃক মনোনীত ০৩(তিন) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এনটিআরসিএ'র সিটিজেনস চার্টারের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ কিভাবে আরও সহজিকরণ করা যায় বর্ণিত কর্মশালায় তা উপস্থাপন করা হয়। অত:পর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্যসূচি | বাস্তবায়ন সম্পর্কে আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি ওসিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| (১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | | | |

| | | | |
|---|---|---|---|
| [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ক আলোচনা<br>[১.২] সেবা সহজিকরণ বিষয়ক আলোচনা<br>[১.৩] সেবা ডিজিটাইজেশন বিষয়ক আলোচনা | ১.১ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুসারে নিবন্ধন সনদ জালিয়াতি প্রতিরোধকল্পে এবং অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে নিবন্ধনধারী শিক্ষকগণের নিবন্ধন সনদ যাচাই প্রতিবেদনে QR (কিউআর) কোড সংযোজনের ব্যবস্থা বিষয়ক০১টি নতুন উদ্ভাবনী ধারণা আগামী ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছিল, যা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।এ সংক্রান্ত অফিস আদেশ ২৬ অক্টোবর, ২০২১ তারিখে জারি করা হয়েছে।<br>১.২ ২৫.০২.২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ বিষয়ে লক্ষ্য মাত্রা রয়েছে। গত সভার সিদ্ধান্ত ও চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সেবা সহজিকরণের অংশ হিসেবে এনটিআরসি কর্তৃক প্রদত্ত শিক্ষা প্রতিষ্ঠানের User ID ও Password SMS এর মাধ্যমে প্রেরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ০৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এর মাধ্যমে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান তাদের User ID ও Password হারিয়ে ফেলেছেন তাদেরকে জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। আবেদন প্রাপ্তির পর SMS এর মাধ্যমে User ID ও Password দ্রুত প্রেরণ করার কাজ অব্যাহত রয়েছে।<br>১.৩ সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত সময়সীমার মধ্যে পরীক্ষক, প্রধান পরীক্ষক ও পরিশোধনকারী প্রশ্নপত্র প্রণয়নকারীদের তালিকা হালনাগাদের উদ্দেশ্যে গুগল ফরমের মাধ্যমে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষ, অভিজ্ঞ ও আগ্রহী শিক্ষকবৃন্দ নির্ধারিত লিংকে প্রবেশ করে অথবা নির্ধারিত কিউআর কোড স্ক্যান করে লিংকে প্রবেশ করে তথ্য ফরম পূরণের মাধ্যমে তালিকা হালনাগাদকরণের সুযোগ পাবেন। এ পদ্ধতিটি ইতোমধ্যে কার্যকর করা হয়েছে এবং এ সংক্রান্ত অফিস আদেশ ২৬ অক্টোবর, ২০২১ তারিখে জারি করা হয়েছে। | (ক) নির্দেশিকা অনুসারে যথাসময়ে একটিউদ্ভাবনী ধারণা বাস্তবায়িত হয়েছে এবং যথারীতি অফিস আদেশ জারি করা হয়েছে। সেবাটি বর্তমানে চালু আছে এবং ভবিষ্যতে চলমান থাকবে।<br>খ)এনটিআরসি কর্তৃক প্রদত্ত শিক্ষা প্রতিষ্ঠানের User ID ও Password SMS এর মাধ্যমে প্রেরণের মাধ্যমে সেবা সহজিকরণ নিশ্চিত করা হয়েছে। সেবাটি বাস্তবায়নের ফলে প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনের পর পূর্বের চেয়ে দ্রুততার সংগে তাদের হারিয়ে যাওয়া অনেক User ID ও Password পাচ্ছেন।<br>(গ)নির্দেশিকা অনুসারে একটি সেবাকে ডিজিটাইজ করা হয়েছে এবং এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে।<br>(ঘ) উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমে প্রসেস ম্যাপ প্রস্তুত করতে হবে। | সকল টিম সদস্য |
| [১.৪] ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা বিষয়ক আলোচনা | নির্দেশিকা অনুসারে চলমান অর্থবছরে ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত ০১টি পর্যালোচনা সভা করার নির্দেশ থাকায় বিগত ২৩ আগস্ট, ২০২১ তারিখে অংশীজনদের সমন্বয়ে একটি সভা করা হয়েছে। | নির্দেশিকা অনুসারে ২৩ আগস্ট, ২০২১ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ ও শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণ বিষয়ক আলোচনা | ২য় ত্রৈমাসিকে ই-নথির মাধ্যমে নিষ্পন্ন নথির শতকরা হার ৭০.২৫%। তিন অনুবিভাগের কয়েকটি শাখা ইতোমধ্যে ১০০% নথি ই-নথির মাধ্যমে সম্পন্ন করছে। প্রত্যেক অনুবিভাগকে ৮০%নথিই-নথির মাধ্যমেনিষ্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ড নথির স্টেটমেন্ট, ফাইল মুভমেন্ট রেজিষ্ট্রার, এটুআই থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | ই-নথিতে নথি নিষ্পত্তির হার ৮০% এর উর্ধ্বে করার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | সকল অনুবিভাগ |
| [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন বিষয়ক আলোচনা। | ই-গভর্ন্যান্সও উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন ক্ষেত্রের একটি গুরুত্বপূর্ণ বিষয়বস্তু এ সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ প্রবর্তিত ছকের ১.৬ এ সংশ্লিষ্ট বিষয়ে ৪টি সভা/কর্মশালা আয়োজনের পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে বিগত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ ও বিগত ০৭ নভেম্বর ২০২১ তারিখে দু'টি সভা অনুষ্ঠিত হয়েছে।আগামী ২৮ মার্চ ২০২২ তারিখ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হবে। | আগামী ২৮ মার্চ ২০২২ তারিখ দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালা সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | সকল টিম সদস্য |
| (২)প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | | | |
| [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ক আলোচনা। | প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২.১ এ তথ্য বাতায়ন হালকরণে দু'ধরনের কার্যক্রম রয়েছে। যার একটি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকরণ এবং অন্যটি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ। তথ্য বাতায়ন হালকরণসহ বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি ওয়েবসাইটে আপলোডকরণ কার্যক্রমটি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। এনটিআরসিএ'র বার্ষিক প্রতিবেদন-২০২১, কর্মকর্তা ও কর্মচারিদের Job description, লিফলেট এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। সহকারী প্রোগ্রামার তথ্য বাতায়ন হালনাগাদ করেন মর্মে সভাকে অবহিত করেন। | তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকরণ এবং অন্যটি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। হালনাগাদ করার পর পরই প্রয়োজনীয় স্ক্রিনশট প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন। | ক)২.২.১ কর্মপরিকল্পনা অনুযায়ী ইতোমধ্যে ০৩টি প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করা হয়েছে।<br>খ) ২.২.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ৮০% বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে পারলে সর্বোচ্চ নম্বর ৩ পাওয়া সম্ভব হবে।ইতোমধ্যে বাজেট সংশোধনের জন্য প্রশাসন ও অর্থ অনুবিভাগ উদ্যোগ গ্রহণ করেছে। ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন খাতে ৩০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যা ২০ লক্ষ টাকায় কমিয়ে বাজেট সংশোধন করা যেতে পারে।<br>গ) ২.২.৩ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ০২টি সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অদ্যকার সভাটি ৩য় সভা। অবশিষ্ট একটি সভা পরবর্তী নির্ধারিত সময়ে সম্পন্ন করা হবে।<br>ঘ) একইভাবে ২.২.৪ অনুসারে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে।<br>ঙ) ২.২.৫-এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। | ক)প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>খ) লক্ষ্যমাত্রা অনুসারে বরাদ্দকৃত অর্থ ন্যূনত ৮০% ব্যয় করার সর্বাত্মক চেষ্টা করতে হবে এবং হিসাব শাখা থেকে ব্যয়িত অর্থের একটি বিবরণী সংগ্রহ করতে হবে।<br>গ) কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা হিসেবে প্রতি কোয়ার্টারে একটি পর্যালোচনা সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>ঘ) বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন অর্থবছর শেষে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>ঙ) নির্ধারিত সময়সীমার মধ্যে যাতে ন্যূনতম০১টিউদ্যোগ পরিদর্শন করা সম্ভব হয় সে বিষয়ে কার্যকর ব্যবস্থা নিতে হবে।অতিসত্ত্বর পরিদর্শনের সাইট নির্বাচন করে প্রশাসন শাখাকে অবহিত করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ওসহকারী পরিচালক (হি.নি.) |
| | | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় ইনোভেশন অফিসার ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়েসভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী কামরুল আহছান
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) ও
ইনোভেশন অফিসার, এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২০.২৯৪

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৪) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৫) সহকারী প্রোগ্রামার , আইসিটি সেল , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
৬) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

শারমিন সুলতানা
সহকারী পরিচালক (প্রশাসন) ও সদস্য,
ইনোভেশন টিম, এনটিআরসিএ, ঢাকা। ফোন:
০২-৫৫১৩৮৫০৭